# জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
## জনপ্রশাসন মন্ত্রণালয়
## www.napd.gov.bd
## দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত লিফলেট

"...ব্ল্যাকমার্কেটিং কারা করে? যাদের পেটের মধ্যে দু কলম বিদ্যা রয়েছে তারাই ব্ল্যাকমার্কেটিং করে। স্মাগলিং কারা করে? যারা বেশি লেখাপড়া করেছে তারা বেশি করে। হাইজাকিং কারা করে? যারা বেশি লেখাপড়া শিখছে তারাই করে। ইন্টারন্যাশনাল স্মাগলিং তারাই করে। বিদেশে টাকা রাখে তারাই। আমরা যারা শিক্ষিত, আমরা যারা বুদ্ধিমান, ওষুধের মধ্যে ভেজাল দিয়ে বিষাক্ত করে মানুষকে খাওয়াই তারাই। নিশ্চয়ই গ্রামের লোক এসব পারে না, নিশ্চয়ই আমার কৃষক ভাইরা পারে না। নিশ্চয়ই আমার শ্রমিক ভাইরা পারে না।"-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ১৮ জানুয়ারি ১৯৭৪ খ্রিস্টাব্দ ।

**পটভূমিঃ**

জাতির পিতা 'বঙ্গবন্ধুর প্রতিষ্ঠিত এবং প্রদর্শিত উন্নয়নের ধারায়' বর্তমানে বাংলাদেশ একটি উদীয়মান, প্রগতিশীল এবং গণতান্ত্রিক রাষ্ট্র। এই জাতির লক্ষ্য 'রূপকল্প ২০৪১' এ উল্লেখ করা হয়েছে যে, ২০৩১ সালের মধ্যে বাংলাদেশ চরম দারিদ্র্যকে প্রায় শূন্যের ঘরে নিয়ে আসবে ও উচ্চ মধ্যম আয়ের দেশে পদার্পণ করবে এবং আগামী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত রাষ্ট্র হিসাবে বিশ্বে আত্ম প্রকাশ করবে। পাশাপাশি শহরের সকল সুবিধা গ্রামের প্রতিটি ঘরে ঘরে পৌঁছে যাবে। থাকবে না কোন ক্ষুধা, বেকারত্ব, অশিক্ষা, বঞ্চনা ও দারিদ্র্য; দেশে বিরাজ করবে শান্তি, সুখ, প্রগতি ও সমৃদ্ধি। ন্যায়ভিত্তিক, দুর্নীতিমুক্ত ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠার মাধ্যমেই কেবল মানবসত্তার সেই মর্যাদা এবং মূল্যের প্রতি শ্রদ্ধাবোধ নিশ্চিত করা সম্ভব। সেই লক্ষ্যে ২০০৪ সালে দুর্নীতি দমন কমিশন আইন প্রণয়ন করা হয়। তারই ধারাবাহিকতায় এনএপিডি নিয়মিতভাবে দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কাজ করে যাচ্ছে। এছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত সেশন পরিচালনা করা হচ্ছে।

**একাডেমি কর্তৃক অনুসৃত দুর্নীতি বিরোধী উত্তম চর্চাসমূহ:**

- প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর পেনশন কেস নির্ধারিত সময়ের আগেই নিষ্পত্তি করা হচ্ছে।
- কল্যাণ তহবিলের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক সাহায্য প্রদান করা হচ্ছে।
- সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, এনএপিডি-২০১৯' প্রকাশ করেছে।
- কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার ব্যবস্থার সাথে এনএপিডি যুক্ত হয়েছে।
- স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে।
- তথ্য অধিকার আইন-২০০৯ এর উপর একাডেমির সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে।
- ইলেকট্রনিক হাজিরা পদ্ধতির মাধ্যমে সময়মতো অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করা হচ্ছে।
- একাডেমির গুরুত্বপূর্ণ প্রশিক্ষণের জন্য মনোনয়ন অংশীজনের নিকট ই-নথির মাধ্যমে পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে।
- ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় সম্পন্ন করার কারনে স্বচ্ছতা নিশ্চিত করা হচ্ছে।
- সিটিজেন চার্টার-২০২২ আপডেট করা হয়েছে।
- একাডেমির কর্মকর্তা/কর্মচারীদের কর্ম উদ্দীপনা বৃদ্ধির জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হচ্ছে।
- নিয়মিতভাবে সেবা প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে জরুরি নাগরিক সেবাসমূহ নিশ্চিত করা হচ্ছে।
- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গুরুত্বপূর্ণ কোর্সসমূহে শুদ্ধাচার বিষয়ক সেশন পরিচালনা করা হচ্ছে।

## দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত উক্তিঃ

| ক্র.নং | স্লোগান | সৌজন্যে |
|---|---|---|
| ১. | “যারা দুনীতিবাজ, ঘুষখোর, রাতের অন্ধকারে যারা মানুষ হত্যা করে, থানা আক্রমণ করে, অস্ত্র নিয়ে আপনাদের মোকাবিলা করে, বাংলাদেশের মাটি থেকে তাদের উৎখাত করুন।” (সূত্রঃ বই- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী চিরন্তনী, সংগ্রহ ও সম্পাদনাঃ মোহাম্মদ জিল্লুর রহমান, পৃষ্ঠাঃ ৫৪)। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ২. | “চোরাকারবারী, কালোবাজারী, মুনাফাবাজ ও ঘুষখোরদের কোনো জাত নেই, নেই কোনো দেশ।” (সূত্রঃ বই- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী চিরন্তনী, সংগ্রহ ও সম্পাদনাঃ মোহাম্মদ জিল্লুর রহমান, পৃষ্ঠাঃ ৩৪)। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ৩. | “সমাজের ক্যান্সারের মতো যে দুনীতি বিস্তার করে আছে তাকে অবশ্যই নির্মূল করতে আমরা দৃঢ়সংকল্পবদ্ধ।” (সূত্রঃ বই- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী চিরন্তনী, সংগ্রহ ও সম্পাদনাঃ মোহাম্মদ জিল্লুর রহমান, পৃষ্ঠাঃ ৬২)। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ৪. | “স্বজনপ্রীতি, দুর্নীতি ও আত্মপ্রবঞ্চনার উর্ধ্বে থেকে আমাদের সকলকে আত্মসমালোচনা, আত্মসংযম এবং আত্মশুদ্ধি করতে হবে। মনে রাখতে হবে, আপনি আপনার কর্তব্য দেশের ও দেশের জনগণের প্রতি কতটা পালন করছেন, সেটাই বড় কথা।” (সূত্রঃ বই- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী চিরন্তনী, সংগ্রহ ও সম্পাদনাঃ মোহাম্মদ জিল্লুর রহমান, পৃষ্ঠাঃ ৬০)। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ৫. | “স্বজনপ্রীতি ছেড়ে দিলে আপনারা করাপশন বন্ধ করতে পারবেন।” (সূত্রঃ বই- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী চিরন্তনী, সংগ্রহ ও সম্পাদনাঃ মোহাম্মদ জিল্লুর রহমান, পৃষ্ঠাঃ ৬০)। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ৬. | “করাপশন আমার বাংলার কৃষকেরা করে না। করপাশন আমার বাংলার মজদুর করে না। করপাশন করি আমরা শিক্ষিত সমাজ। যারা আজকে ওদের টাকা দিয়ে লেখাপড়া করছি।” (সূত্রঃ বই- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী চিরন্তনী, সংগ্রহ ও সম্পাদনাঃ মোহাম্মদ জিল্লুর রহমান, পৃষ্ঠাঃ ৩১)। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ৭. | “যারা সব ভুলে ক্ষমতাকে শুধু অর্থ-সম্পদ বানানো একটা সুযোগ হিসেবে নেয়, তারা দেশকে কিছু দিতে পারে না।” (সূত্রঃ বই- জননেত্রী শেখ হাসিনার বানী, সম্পাদনাঃ সেলিনা আক্তার, পৃষ্ঠাঃ ১৫)। | শেখ হাসিনা রচনাসমগ্র ১ |
| ৮. | IF CORRUPTION IS A DISEASE, TRANSPARENCY IS ESSENTIAL PART OF ITS TREATMENT. | Kofi Annan |


প্রকাশনায়ঃ এপিএ বাস্তবায়ন কমিটি, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)।

প্রকাশকালঃ আগস্ট, ২০২২

মুদ্রণ সংখ্যাঃ ১০০০



12/09/2022
Dipayan Chakraborthy Partha
Research Officer
National Academy for Planning & Development
Ministry of Public Administration

১২/০৯/২০২২
মোঃ মঈনুল হাসান চৌধুরী
উপ-পরিচালক (প্রশাসন)
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
জনপ্রশাসন মন্ত্রণালয়

12/09/22
প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
জনপ্রশাসন মন্ত্রণালয়